৩২৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 4 ৩-1999 ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ২ ...

# শিবির-ছাত্রলীগ বন্দুক যুদ্ধ ॥ শহরে ১৪৪ ধারা ॥ নোয়াখালী লক্ষ্মীপুরে আজ হরতাল আহ্বান

**লক্ষ্মীপুর সংবাদদাতা ॥** নিহত ছাত্রশিবির কর্মী সালমানের লাশের দখল লইয়া গতকাল (বুধবার) লক্ষ্মীপুর শহরে শিবির ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে গুলী বিনিময় হইয়াছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিতে ফাঁকা গুলীবর্ষণ ও টিয়ারগ্যাস নিক্ষেপ করে। শহরে ১৪৪ ধারা জারি করা হইয়াছে। হত্যাকাণ্ডের প্রতিবাদে জামায়াতে ইসলামী ও ছাত্রশিবির লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলায় আজ সকাল ৬টা হইতে ২টা পর্যন্ত হরতাল আহ্বান করিয়াছে।

গত মঙ্গলবার নোয়াখালী জেনারেল হাসপাতালে শিবির কর্মী জাহিদুর রহমান সালমানের (১৬) মৃত্যু হইলে ময়না তদন্ত

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## লক্ষ্মীপুরে শিবির-ছাত্রলীগ

(শেষ পৃষ্ঠার পর)

শেষে লাশ নিয়া শিবির কর্মীরা নোয়াখালী শহরে মিছিল করে। বিকালে লাশ পুলিশ প্রহরায় লক্ষ্মীপুর শহরে নিয়া দারুল আমান একাডেমীর উদ্দেশ্যে যাত্রা করার পথে রহমতখালী পুলের নিকট শিবির কর্মীরা বাধা দেয় এবং লাশ চকবাজারে নেওয়ার দাবী করে। কিন্তু প্রশাসন তাহাদের প্রস্তাবে রাজী না হইলে শিবির কর্মীরা চকবাজারে গিয়া এলোপাতাড়ি গুলীবর্ষণ করে। ঐ সময় ছাত্রলীগ কর্মীরাও পাল্টা গুলীবর্ষণ করিতে থাকে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য ফাঁকা গুলীবর্ষণ ও টিয়ার গ্যাস নিক্ষেপ করে।

পরে সালমানের লাশ লামচারী দারুল আমান একাডেমী প্রাঙ্গণে জানাজার পর পারিবারিক গোরস্থানে দাফন করা হয়। গতকাল সন্ধ্যা সাতটা পর্যন্ত থানায় কোন মামলা দায়ের করা হয় নাই।